

শাহজাহান আলী বিপাশ | খুলনা | 30 April, 2025

ঝিনাইদহ সদরে সামাজিক আধিপত্য বিস্তার নিয়ে দু'দল গ্রামবাসীর সংঘর্ষে মোশাররফ হোসেন নামের একজন নিহত হয়েছে। আহত হয়েছে নারীসহ অন্তত ১০ জন।

বুধবার সকালে সদর উপজেলার দিঘিরপাড় গ্রামে এ ঘটনা ঘটে। নিহত মোশাররফ হোসেন ওই গ্রামের মৃত শমসের মোল্লার ছেলে।

স্থানীয়রা জানায়, সামাজিক আধিপত্য বিস্তার নিয়ে দিঘিরপাড় গ্রামের বিএনপি নেতা আমজাদ বিশ্বাসের সাথে একই গ্রামের আওয়ামী লীগ নেয়া আলিম উদ্দিনের সমর্থকদের মধ্যে বিরোধ চলে আসছিলো। গত রোববার রাতে আলিম উদ্দিনের লোকজন আমজাদ বিশ্বাসের সমর্থকদের বাড়িতে হামলা চালিয়ে ভাংচুর করে। এ নিয়ে উভয় পক্ষের মধ্যে উত্তেজনা চলে আসছিলো। এরই জের ধরে বুধবার সকালে উভয় পক্ষের লোকজন দেশীয় অস্ত্র নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে। এতে অন্তত ১০ জন আহত হয়। সেখান থেকে তাদের উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক মোশাররফ হোসেন নামের একজনকে মৃত ঘোষণা করে। আহতদের সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

ঝিনাইদহ সদর থানার ওসি আব্দুল্লাহ আল মামুন বলেন, সামাজিক আধিপত্য নিয়ে দু'পক্ষের সংঘর্ষে একজন মারা গেছে। আমরা এলাকায় আছি। পরিস্থিতি বর্তমানে স্বাভাবিক রয়েছে।

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:34

URL: <https://www.timestodaybd.com/khulna/1655849560>